

# ঔষুধ নির্দেশিকা



**SQUARE**  
**HERBAL & NUTRACEUTICALS LTD.**

# সূচী

নং	প্রোডাক্টের নাম	পৃষ্ঠা নং
১	এডোভাস	১
২	এমসিভিট	২
৩	এমোসিড	৩
৪	অরুবিবন	৪
৫	কোলমিন্ট	৫
৬	ডুবাবেল	৬
৭	এনারটন	৭
৮	ইপ্রিম	৮
৯	ইরেডেক্স	৯
১০	আইবিল	১০
১১	গার্লিন	১১
১২	জিলোবা	১২
১৩	জিনটেক্স	১৩
১৪	ইসপারগুল	১৪
১৫	ইনাসি	১৫
১৬	ক্যামোমিল	১৬
১৭	জর্ট	১৭
১৮	লিকর	১৮
১৯	লিভোলাইট	১৯
২০	মনেরা	২০
২১	ন্যাভিট	২১
২২	পেপনর	২২
২৩	প্রোবায়ো	২৩
২৪	রেভাটল	২৪
২৫	সিলিবিন	২৫
২৬	টোরেল	২৬

# এডোভাস® (Adovas®)

## উপাদান:

অ্যাটাটোডা ভ্যাসিকা ০.৬৮ গ্রাম, পাইপার লংগাম ০.১৪ গ্রাম, গ্লাইসারহিজা লাবরা ৬.৭৮ মি.গ্রা., টারমিনালিয়া চেবুলা ৭৩.২৪ মি.গ্রা., সসুরিয়া লাণ্ডা ৬.৭৮ মি.গ্রা., জিঞ্জিবার অফিসিনালি ৬.৭৮ মি.গ্রা., পাইপার নাইগ্রাম ৬.৭৮ মি.গ্রা., সিজাইজিয়াম এরোম্যাটিকাম ৬.৭৮ মি.গ্রা., সিনামোমাম জিলানিকাম ৬.৭৮ মি.গ্রা., সিনামোমাম ট্যামালা ৬.৭৮ মি.গ্রা., মাইরিকা ন্যাগি ৬.৭৮ মি.গ্রা., পিস্টাসিয়া ইস্টেজেরিমা ৬.৭৮ মি.গ্রা., ইলেটারিয়া কার্ডামোমাম ৬.৭৮ মি.গ্রা.।

## নির্দেশনা:

বুকের জমাট বাঁধা ঘন কফ তরল করে বের করে। শুষ্ক কাশি উপশম করে। এছাড়া শ্বাসযন্ত্রের দুর্বলতা, ধূমপানজনিত কাশি এবং স্বরভঙ্গ রোগে অত্যন্ত কার্যকর।

## মাত্রা ও ব্যবহারবিধি:

১২ বছরের কম বয়সী শিশু: ১ - ২ চামচ (৫ - ১০ মি.লি.) দিনে ৩ বার।

প্রাপ্ত বয়স্ক: ৩ চামচ (১৫ মি.লি.) দিনে ২ - ৩ বার কুসুম গরম (কাশির তীব্রতায়) পানিসহ অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

## প্রতিনির্দেশনা:

এর কোন উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা দেখা দিলে ব্যবহার করা উচিত হবে না।

## পার্শ্ব প্রতিক্রিয়া:

এটি নিরাপদ এবং সুসহনীয়। নির্দেশিত মাত্রায় সেবন করলে পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় না।

## অন্য ঔষুধের সাথে প্রতিক্রিয়া:

অন্য ঔষুধের সাথে কোন প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি।

## গর্ভকালীন ও স্তন্যদানকালীন সময়ে ব্যবহার:

গর্ভবস্থায় এডোভাস® সেবন সম্পর্কে কোন নির্দিষ্ট তথ্য নেই।

তাই গর্ভবস্থায় সতর্কতার সাথে ব্যবহার করা বাঞ্ছনীয়।

মায়ের দুগ্ধের ক্ষতির তুলনায় লাভের পরিমাণ যাচাই করে ব্যবহার করা উচিত।

## সরবরাহ:

প্রতি পি ই টি (PET) বোতলে রয়েছে ১০০ মি.লি. এডোভাস® সিরাপ  
ও ২০০ মি.লি. এডোভাস® সিরাপ।



# Adovas®

# এমসিভিট® (AmCivit®)

## উপাদান:

প্রতি ৫ মি.লি. এমসিভিট® সিরাপে আছে *এমরিকা অফিসিনালিস* ৩.০৩ মি.লি. এবং *পাইপার লংগাম* ০.১২ গ্রাম এর নির্যাস।

## নির্দেশনা:

এমসিভিট® ভিটামিন সি স্বল্পতা, স্কার্ভি ও রক্তাল্পতা রোগে নির্দেশিত। এছাড়া এটি এন্টিঅক্সিডেন্ট হিসেবে ব্যবহৃত হয়, বার্ধক্য রোধ করে, চুল পাকা বন্ধ করে এবং হৃদযন্ত্র ও রক্তনালীর স্বাভাবিক ক্রিয়ার জন্য খুবই উপযোগী।

এছাড়া ইনফেকশন, পৌঁড়া ও ক্ষতপূরণ, ট্রমা ও ফ্র্যাকচার চিকিৎসায় উপকারী। এটি ফুসফুসের স্বাভাবিক ক্রিয়া বজায় রাখে বিধায় ঠান্ডাকাশি, শ্বাসকষ্ট ও ব্রংকাইটিসে বিশেষভাবে নির্দেশিত। এছাড়া এমসিভিট® গাউটের আক্রমণ কমায়।

## মাত্রা ও ব্যবহার বিধি:

১২ বছরের কম বয়সী শিশুদের ক্ষেত্রে: ১ চা চামচ (৫ মি.লি.) দিনে ২ বার।

প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে: ১ - ২ চা চামচ (৫ - ১০ মি.লি.) দিনে ২ - ৩ বার অথবা চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী সেব্য।

## পার্শ্ব-প্রতিক্রিয়া:

এটি একটি আয়ুর্বেদিক ওষুধ যা নিরাপদ ও সুসহনীয়। নির্দেশিত মাত্রায় সেবন করলে কোন পার্শ্বপ্রতিক্রিয়া পরিলক্ষিত হয় না।

## প্রতিনির্দেশনা:

এখন পর্যন্ত কোন বিরূপ প্রতিক্রিয়া দেখা যায়নি। কিন্তু এর কোন উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা দেখা দিলে ব্যবহার করা যাবে না।

## গর্ভকালীন ও স্তন্যদানকালীন সময়ে ব্যবহার:

গর্ভাবস্থায় এমসিভিট® সেবনে কোন ক্ষতিকর তথ্য জানা নেই।

## অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া:

অন্য কোন ওষুধের সাথে প্রতিক্রিয়া হওয়ার তথ্য জানা নাই।


## সতর্কতা:

কিডনি রোগের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করা উচিত।

## সরবরাহ:

প্রতিটি পি ই টি বোতলে আছে ১০০ মি.লি. সুস্বাদু ও সুগন্ধযুক্ত এমসিভিট® সিরাপ।

# AmCivit®



# এমোসিড® (Amocid®)

## উপাদান:

হলারোণা এন্টিডিসেনটেরিকা, ভাইটিস ভিনিফেরা, মধুকা ইন্ডিকা এবং উডফরটিয়া ফুটিকোসা সহ অন্যান্য ভেজ উপাদানের নির্যাস।

## নির্দেশনা:

এমোসিড সিরাপ-

- ডিসেনটেরি (এমোবিক ও ব্যাসিলারী)
- জিয়ারডিয়াসিস
- হেলমিষ্টিয়াসিস
- ইনফ্লামেটরি বাওয়েল ডিজিজ (কোলাইটিস, ফ্রোনস্ ডিজিজ) এ নির্দেশিত।

এছাড়া এমোসিড সিরাপ হেপাটিক অ্যামিবিয়াসিস, হেপাটোস্প্লিনোমেগালি ও ইনটেস্টাইনাল পরজীবীর বিরুদ্ধে কার্যকরী।

## মাত্রা ও ব্যবহারবিধি:

৬ বছরের কম বয়সী শিশুদের ক্ষেত্রে: ১/২ - ১ চা চামচ (২.৫ - ৫ মি.লি.) দিনে ২ - ৩ বার খাওয়ার পর ৭-১৪ দিন ধরে কিংবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

৬ - ১২ বছর বয়সী শিশুদের ক্ষেত্রে: ১ চা চামচ (৫ মি.লি.) দিনে ৩ বার খাওয়ার পর ৭-১৪ দিন ধরে কিংবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

১২ বছরের উপরে এবং প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে: ২ চা চামচ (১০ মি.লি.) দিনে ৩ বার খাওয়ার পর ৭-১৪ দিন ধরে কিংবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

কোলাইটিসের ক্ষেত্রে এমোসিড সিরাপ ৩ মাস ধরে সেবন করা উচিত।

## পার্শ্ব প্রতিক্রিয়া:

এটি নিরাপদ ও সুসহনীয়। প্রাকৃতিক উপায়ে কাজ করে বিধায় অন্যান্য পরজীবি বিরোধী ওষুধের ন্যায় পার্শ্ব-প্রতিক্রিয়া যেমন বমি বমি ভাব, উদারাময়, মাথা ব্যথা হয় না।

## গর্ভকালীন ও স্তন্যদানকালীন সময়ে ব্যবহার:

চিকিৎসা গবেষণা তথ্যানুযায়ী গর্ভকালীন ও স্তন্যদানকালীন সময়ে এর ব্যবহার কোন সমস্যা সৃষ্টি করে বলে জানা যায়নি তথাপি গর্ভাবস্থায় ব্যবহার না করা উচিত বা ব্যবহারের পূর্বে চিকিৎসকের পরামর্শ নেয়া উচিত।

সরবরাহ: ১০০ মি.লি. সূন্যদু ও সূগন্ধযুক্ত সিরাপ।

Amocid™



# অরুবিন® (Arubin®)

## উপাদান:

প্রতিটি অরুবিন® ক্যাপসুলে আছে জিনজিবার অফিসিনালিস ৫০ মি. গ্রা., পাইপার নাইথ্রাম ৫০ মি. গ্রা., টারমিনালিয়া চেবুলা ৫০ মি. গ্রা., এমুল্লিকা অফিসিনালিস ৫০ মি. গ্রা., টারমিনালিয়া বেলেৱিকা ৫০ মি. গ্রা., সাইপেরাস রোটনডাস ৪০ মি. গ্রা., প্লাস্মাগো জিলেনিকা ৪০ মি. গ্রা., কিউমিনাম সাইমিনাম ৫০ মি.গ্রা. ও কার্বনিল আয়রন ৫০ মি.গ্রা।

## নির্দেশনা:

- লৌহের অভাব জনিত রক্ত স্বল্পতা
- অপুষ্টিজনিত রক্ত স্বল্পতা
- ক্ষুধামন্দা ও সাধারণ দুর্বলতা

## মাত্রা ও ব্যবহারবিধি:

প্রাপ্ত বয়স্কদের মাত্রা: ১টি অরুবিন® ক্যাপসুল দিনে ১ বার সেবন করা উচিত।  
১২ বছরের কম বয়সের শিশুদের ক্ষেত্রে ব্যবহারে সতর্কতা অবলম্বন করা উচিত।

## প্রতিনির্দেশনা:

এর কোন উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা দেখা দিলে ব্যবহার করা যাবে না।

**পার্শ্ব প্রতিক্রিয়া:** অরুবিন® ক্যাপসুল নির্দেশিত মাত্রায় ব্যবহারে কোন ধরণের পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি।

## গর্ভবস্থায় ও স্তন্যদানকালীন ব্যবহার:

গর্ভকালীন সময়ে অরুবিন® ক্যাপসুল ব্যবহারে ক্ষতিকর তথ্য পাওয়া যায় না। মায়ের দুধের সাথে অরুবিন® ক্যাপসুলের উপাদান নিঃসরণের কোন তথ্য পাওয়া যায়নি।

## অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া:

কোন গুরুত্বপূর্ণ প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি।

## সরবরাহ:

অরুবিন® ক্যাপসুল : প্রতিটি বাক্সে আছে ৩০টি করে ক্যাপসুল ব্লিষ্টার প্যাকে।



# Arubin®

# কোলমিন্ট® (Colmint®)

**উপাদান:** প্রতিটি এন্টেরিক কোটেড লিকুইড ফিল্ড হার্ড জিলাটিন ক্যাপসুলে আছে ১৮.৭ মিলিগ্রাম (০.২ মি.লি.) পিপারমিন্ট অয়েল।

## নির্দেশনা:

- ইরিটেবল বাওয়েল সিন্ড্রোম
- ফাংশনাল ডিসপেপসিয়া
- অ্যাবডোমিনাল পেইন
- অ্যাবডোমিনাল ডিসটেনশন/ব্লোটিং

## মাত্রা ও ব্যবহারবিধি:

প্রাপ্ত বয়স্ক: এক গ্লাস পানিসহ ১টি করে ক্যাপসুল দিনে ৩ বার। খাওয়ার আধা ঘন্টা আগে সেব্য। এই মাত্রা সর্বোচ্চ দিনে ২টি ক্যাপসুল ৩ বার কিংবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী বাড়ানো যেতে পারে।  
শিশু: ১৫ বছরের কম বয়সী রোগীদের ক্ষেত্রে কোলমিন্ট® লিক্যাপ শুধুমাত্র আবশ্যিকতার ভিত্তিতে, চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার করতে হবে।

## পার্শ্ব প্রতিক্রিয়া:

‘জার্মান কমিশন ই’ মতে এর তেমন কোন পার্শ্ব প্রতিক্রিয়া জানা যায়নি।

## প্রতিনির্দেশনা:

অ্যালার্জাইডিয়া আক্রান্ত রোগীদের ক্ষেত্রে এটি ব্যবহার করা নিষেধ। এমনকি শিশু এবং ছোট বাচ্চাদের ক্ষেত্রে এর ব্যবহার জিহ্বা এবং শ্বসনতন্ত্রের জটিলতা সৃষ্টি করতে পারে। তাই এসব ক্ষেত্রে এটি ব্যবহার থেকে বিরত থাকাটাই সমিচীন।

## সতর্কতা:

খাবারের সাথে কিংবা খাওয়ার ঠিক পর পরই এটি খাওয়া যাবে না। খাওয়ার আধঘন্টা থেকে এক ঘন্টা আগে খেতে হবে। অল্প পানির সাথে পুরোটা খেতে হবে। কোন মতেই ক্যাপসুল চিবানো কিংবা ভাঙ্গা যাবে না।

## গর্ভকালীন এবং স্তন্যদানকালীন ব্যবহার:

কোলমিন্ট® লিক্যাপ গর্ভাবস্থায় কিংবা স্তন্যদানকালে ব্যবহারের ক্ষেত্রে তেমন কোন বাঁধা আছে বলে জানা যায় না।

## সরবরাহ:

কোলমিন্ট® লিক্যাপ: প্রতিটি বাক্সে আছে ৩০টি এন্টেরিক কোটেড লিকুইড ফিল্ড হার্ড জিলাটিন ক্যাপসুল ব্লিষ্টার প্যাকে।



# Colmint™

# ডুবাবেল<sup>TM</sup> (Dubarel<sup>TM</sup>)

## উপাদান:

প্রতি ৫ মি.লি. সিরাপে আছে সারাকা ইন্ডিকা ১.৫২ গ্রাম, নাইজেলা সেটিভা ১৫.১৫ মি. গ্রা., সাইপেরাস রটনডাস ১৫.১৫ মি. গ্রা., জিনজিবার অফিসিনালি ১৫.১৫ মি. গ্রা., বার্বেরিস এরিস্টাটা ১৫.১৫ মি. গ্রা., নেলামবিয়াম নুসিফেরা ১৫.১৫ মি. গ্রা., ম্যাথ্‌গিফেরা ইন্ডিকা ১৫.১৫ মি. গ্রা., এবং অ্যাডোহটোডা ভ্যাসিকা ১৫.১৫ মি. গ্রা. সহ অন্যান্য ভেষজ উপাদানের নির্যাস।

## নির্দেশনা:

- ডিসফাংশনাল ইউটেরাইন ব্লিডিং (ডি ইউ বি)
- স্কেভারী অ্যামেনোরিয়া
- মেনোরিজিয়া
- পলি সিস্টিক ওভারিয়ান সিনড্রোম (পি সি ও এস)
- বন্ধ্যাত্ব

## মাত্রা ও ব্যবহারবিধি:

১২ বছরের উপরে এবং প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে: ২ - ৩ চা চামচ (১০ - ১৫ মি.লি.) দিনে ২ - ৩ বার খাওয়ার পর ৩ - ৬ মাস ধরে কিংবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

## পার্শ্ব প্রতিক্রিয়া:

নির্দেশিত মাত্রায় সেবন করলে কোন পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় না।

## প্রতিনির্দেশনা:

জানা যায়নি।

## অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া:

জানা যায়নি।

## গর্ভকালীন ও স্তন্যদানকালীন সময়ে ব্যবহার:

গর্ভকালীন ও স্তন্যদানকালীন সময়ে ব্যবহার উচিত নয়।

## সরবরাহ:

প্রতিটি পি ই টি বোতলে আছে ১০০ মি.লি. সুস্বাদু ও সুগন্ধযুক্ত সিরাপ।

# Dubarel<sup>TM</sup>



# এনারটন® (Enernton®)

## উপাদান:

প্রতি ৫ মি.লি. এনারটন® সিরাপে আছে সিডা কর্ডিফলিয়া ১.৩৫ গ্রাম, উইথানিয়া সমনিফেরা ১.৩৫ গ্রাম, রিসিনাস কামিনিস ২৮.১৫ মি.গ্রা., ভেডা রক্সবার্জ ১৪.০৮ মি.গ্রা., ইলেটেরিয়া কর্ডামোমাম ১৪.০৮ মি.গ্রা., সাইজেজিয়াম অ্যারোমেটিকাম ১৪.০৮ মি.গ্রা., ভেটিভেরিয়া জিজানয়েড ১৪.০৮ মি.গ্রা., ট্রাইবিউলাস টেরেসট্রিস ১৪.০৮ মি.গ্রা. সহ অন্যান্য ভেষজ উপাদানের নির্যাস।

## নির্দেশনা:

- পুষ্টি ও শক্তি বর্ধক (বিশেষ করে খেলোয়াড়দের জন্য উৎকৃষ্ট টনিক)
- শারিরিক দুর্বলতা ও অবসন্নতায় কার্যকরী
- মাংসপেশীকে সবল করার ক্ষেত্রে
- জ্বর ও প্রসব পরবর্তী দুর্বলতায় এবং শ্বাস কষ্টের রোগীর জন্য উপকারি
- বয়স্ক ও খেলোয়াড়দের সাধারণ ব্যথায় উপকারি।

## মাত্রা ও ব্যবহার বিধি:

প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে (১২ বছরের উপরে): ১-২ চা চামচ (৫-১০ মি.লি.) দিনে ৩ বার অথবা চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী সেব্য।

## পার্শ্ব প্রতিক্রিয়া:

এটি একটি আয়ুর্বেদিক ওষুধ যা নিরাপদ ও সুসহনীয়। নির্দেশিত মাত্রায় সেবন করলে কোন পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় না।

## প্রতিনির্দেশনা:

এখনো পর্যন্ত কোন বিরূপ প্রতিক্রিয়া দেখা যায়নি। তবে উচ্চরক্তচাপ, ডায়াবেটিস ও হৃদরোগের ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করতে হবে।

## গর্ভকালীন ও স্তন্যদানকালীন সময়ে ব্যবহার:

গর্ভাবস্থায় এনারটন® সিরাপ ব্যবহারের কোন টেরাটোজেনিক কার্যকারিতা যাচাই করা হয়নি। তাই গর্ভাবস্থায় সতর্কতার সাথে ব্যবহার করা বাঞ্ছনীয়।

## অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া:

স্নায়ু উদ্দীপক ওষুধের সাথে ব্যবহারের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে।

## সরবরাহ:

প্রতিটি পি ই টি বোতলে আছে ২০০ মি.লি. সুস্বাদু ও সুগন্ধযুক্ত এনারটন® সিরাপ।



# ইপ্রিম® (Eprim®)

## উপাদান:

প্রতিটি লিকুইড ফিল্ড হার্ড জিলাটিন ক্যাপসুলে আছে ৫০০ মি.গ্রা. ইভিনিং প্রিমরোজ অয়েল।

## নির্দেশনা:

- মাসিক সংক্রান্ত জটিলতায়
- স্তন বেদনা (মাসিক সংক্রান্ত)
- মাতৃদুগ্ধের পরিমাণ ও গুণগতমান বৃদ্ধিতে

## মাত্রা ও ব্যবহারবিধি:

ইপ্রিম® ৫০০ মি.গ্রা. ১টি বা ২টি ক্যাপসুল দৈনিক ২ থেকে ৩ বার কিংবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

## পার্শ্ব প্রতিক্রিয়া:

নির্দেশিত মাত্রায় এটি সাধারণত কোন পার্শ্বপ্রতিক্রিয়া দেয় না। তবে অতিমাত্রায় ব্যবহার পেটের সমস্যার কারণ হয়ে দাঁড়াতে পারে।

## প্রতিনির্দেশনা:

পূর্বে যদিও মানসিক রোগীর (বিশেষ করে সিজোফ্রেনিক) ক্ষেত্রে এর ব্যবহার নিষিদ্ধ ছিলো কিন্তু বর্তমানে এর কোন সুস্পষ্ট প্রমাণ কিংবা ব্যাখ্যা পাওয়া যায়নি।

## গর্ভকালীন এবং স্তন্যদানকালীন ব্যবহার:

যেহেতু এল.এ, জি.এল.এ এবং ডি.জি.এল.এ মাতৃদুগ্ধেরই কিছু গুরুত্বপূর্ণ উপাদান তাই ইভিনিং প্রিমরোজ অয়েলের স্তন্যদানকালীন সময়ের ব্যবহার উত্তম বলে বিবেচিত। তাছাড়া ওয়ার্ল্ড হেল্থ অর্গানাইজেশনের মতে, গর্ভবতী এবং স্তন্যদানকারী মায়েদের প্রতিদিনকার ক্যালরির অন্তত ৫ ভাগ ক্যালরি এসেনশিয়াল ফ্যাটি এসিড থেকে নেয়া উচিত।

## সরবরাহ:

ইপ্রিম® লিক্যাপ: প্রতি কোঁটায় রয়েছে ৩০টি করে ইপ্রিম® লিকুইড ফিল্ড হার্ড জিলাটিন ক্যাপসুল।

# Eprim®



# ইরেডেক্স™ (Eredex™)

## উপাদান:

প্রতি ট্যাবলেটে আছে ৫.৪ মি.গ্রা. ইওহিমে স্ট্যান্ডার্ডাইজড নির্ধারিত।

## নির্দেশনা:

- ইরেকটাইল ডিসফাংশন
- হ্রাসপ্রাপ্ত যৌনাকাঙ্ক্ষা
- পরিশ্রান্তি

## মাত্রা ও ব্যবহার বিধি:

প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে : ১ টি ট্যাবলেট দিনে ৩ বার অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

## পার্শ্ব প্রতিক্রিয়া:

দুঃশ্চিন্তা, উচ্চ রক্তচাপ, নিদ্রাহীনতা, ট্যাকিকার্ডিয়া, ঝিঁচুনি, ম্যানিয়া এবং বমিভাব হতে পারে।

## প্রতিনির্দেশনা:

এই ওষুধ যকৃত এবং কিডনি রোগে আক্রান্ত, যৌনঙ্গ অথবা প্রস্টেট গ্ল্যান্ড এর তীব্র প্রদাহ অথবা গ্যাস্ট্রিক এবং ডিওডেনাল আলসার এ আক্রান্ত রোগীদের ব্যবহার করা উচিত নয়।

## অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া:

ইওহিমে অ্যান্টিহাইপারটেনসিভ ওষুধের হাইপোটেনসিভ প্রভাবকে বাঁধা দিয়ে রক্তচাপ নিয়ন্ত্রণ ব্যাহত করে। এটি ফার্মাসিউটিক্যাল এমএও ইনহিবিটরদের প্রভাব বৃদ্ধি করতে পারে।

## সতর্কতা:

ইরেডেক্স™ সেবনকারীদের অ্যালকোহল সেবন বর্জন করা উচিত।

## সরবরাহ:

ইরেডেক্স™ ট্যাবলেট: প্রতিটি বাক্সে আছে ২০ টি ট্যাবলেট অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।



# EREDEX™

# আইবিল™ (Eyebil™)

## উপাদান:

প্রতিটি ক্যাপসুলে আছে ১৬০ মি.গ্রা. বিলবেরী (ভ্যাক্সিনিয়াম মাইরটিলাস) ফলের স্ট্যান্ডার্ডাইজড নির্যাস।

## নির্দেশনা:

- রেটিনোপ্যাথি (উচ্চ রক্তচাপ এবং ডায়াবেটিস্ জনিত)
- চোখে ছানি
- ম্যাকুলার ডিজেনারেশন
- রেটিনাইটিস পিগ্‌মেন্টোসা
- হেমোরজিক রেটিনোপ্যাথি

## মাত্রা ও ব্যবহার বিধি:

১ টি করে আইবিল™ ১৬০ মি.গ্রা. ক্যাপসুল দিনে ২ - ৩ বার কিংবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

## পার্শ্ব প্রতিক্রিয়া:

জানা যায়নি।

## প্রতিনির্দেশনা:

প্রযোজ্য নয়।

## গর্ভকালীন ও স্তন্যদানকালীন সময়ে ব্যবহার:

গর্ভকালীন ও স্তন্যদানকালীন সময়ে ব্যবহারে কোন বাঁধা নাই।

## অন্য ঔষুধের সাথে প্রতিক্রিয়া:

প্রযোজ্য নয়।

## সরবরাহ:

আইবিল™ ১৬০ ক্যাপসুল : প্রতিটি বাক্সে আছে ৩০ ক্যাপসুল অ্যালু-পিভিডিসি ব্লিস্টার প্যাকে।



# Eyebil™ 160

# গার্লিন™ (Garlin™)

## উপাদান:

প্রতিটি এন্টেরিক কোটেড লিকুইড ফিল্ড হার্ড জিলাটিন ক্যাপসুলে আছে ১০ মি.গ্রা. রসুনের তেল (স্ট্যান্ডার্ডাইজড)।

## নির্দেশনা:

- হাইপারলিপিডেমিয়া
- অ্যাথেরোস্কেলারোসিস
- হাইপারটেনশান

## মাত্রা ও ব্যবহারবিধি:

১ - ২ টি করে ক্যাপসুল ৮ - ১৮ সপ্তাহ কিংবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

## পার্শ্ব প্রতিক্রিয়া:

কোন কোন ক্ষেত্রে সামান্য পেটের সমস্যা এবং ক্ষেত্র বিশেষে এলাজর্জিক রিঅ্যাকশন দেখা যায়।

## প্রতিনির্দেশনা:

“ওয়ার্ল্ড হেল্থ অর্গানাইজেশন” এর মতে রসুনে যাদের অ্যালার্জি আছে এবং যারা ওয়ারফারিন ব্যবহার করেন তাদের ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করতে বলা হয়েছে।

## গর্ভকালীন এবং স্তন্যদানকালীন ব্যবহার:

রসুনে অবস্থিত সালফার ব্লকের দুধে মিশ্রিত হয়ে এটিকে শিশুর জন্য আরও উপাদেয় করে তোলে।

## অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া:

রসুন, অ্যান্টি প্রাটিলেট এবং অ্যান্টিকোয়াগুলেট একসাথে ব্যবহার করলে দীর্ঘ সময় ধরে রক্তপাতের সম্ভাবনা বেড়ে যায়। ওয়ারফারিন এবং গার্লিক সাপ্লিমেন্ট একসাথে ব্যবহার করলে রোগীর রক্ত জমাট বাঁধার সময় দ্বিগুন হতে দেখা যায়।

## সরবরাহ:

গার্লিন™ লিক্যাপ: প্রতিটি বাক্সে আছে ৩০ টি এন্টেরিক কোটেড ক্যাপসুল ব্লিস্টার প্যাকে।



# Garlin™

# জিলোবা® (Giloba®)

## উপাদান:

প্রতিটি ক্যাপসুলে আছে জিংকগো বিলোবা ৬০ মি.গ্রা. স্ট্যাডার্ডাইজড নির্যাস।

## নির্দেশনা:

- মস্তিষ্কে রক্তস্রাব, স্মৃতিশক্তি কমে যাওয়া, হতাশা, অ্যালজাইমার'স রোগের কারণে সৃষ্ট মনোযোগহীনতা ও স্মৃতিহীনতা।
- মাথাঘোরা ও কানে ঘণ্টা ধ্বনির মত শব্দানুভূতি।
- পেরিফেরাল ভাস্কুলার রোগ: পেরিফেরাল আর্টেরিয়াল ওক্লুসিভ রোগের দ্বিতীয় ধাপে (স্টেজ-২) হাঁটাজনিত পা ব্যথার উন্নয়ন ঘটায়।

### অন্যান্য উল্লেখযোগ্য ব্যবহার

- দেহে ও রক্তে অক্সিজেনের ঘাটতি।
- তীব্র মধ্যকর্ণ বধিরতা।
- এস এস আর আই ব্যবহারজনিত যৌন অক্ষমতা।

## মাত্রা ও ব্যবহার বিধি:

জিলোবা® ৬০ মি.গ্রা. ১টি বা ২টি ক্যাপসুল দৈনিক ২ থেকে ৩ বার অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

## পার্শ্ব-প্রতিক্রিয়া:

ওষুধটি সঠিক মাত্রায় প্রয়োগে কোন পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় না।

১০,০০০ রোগীর মধ্যে পরিচালিত একটি ক্লিনিক্যাল গবেষণায় দেখা গেছে জিংকগোর পার্শ্ব প্রতিক্রিয়া খুবই কম। সহসা মাথা ব্যথা, ঝাপসা দৃষ্টি, অস্থিরতা, পাকস্থলীর সমস্যা, চামড়ায় এলার্জি এ ধরনের অল্প কয়েকটি ঘটনার কথা জানা যায়।

প্রয়োজ্য মাত্রার অতিরিক্ত ঔষধ গ্রহণে ডায়রিয়া, বমিভাব, বমি, অস্থিরতা অথবা দুর্বলতা দেখা দিতে পারে।

## প্রতিনির্দেশনা:

যে সকল রোগীরা রক্ত জমাট বিরোধী, এন্টিপ্লাটিলেট ঔষধ যেমন-ওয়ারফেরিন, হেপারিন এবং এসপিরিন গ্রহণ করছেন, তাদের ক্ষেত্রে জিংকগো সতর্কতার সাথে ব্যবহার করতে হবে। যাদের রক্তক্ষরণজনিত সমস্যা আছে তাদের ক্ষেত্রে এটির দীর্ঘ ব্যবহার (৬-১২ সপ্তাহ) অনুচিত। এটি সার্জারীর পূর্বেও ব্যবহার করা অনুচিত। যে সব রোগীদের ইন্ট্রাক্রানিয়াল রক্ত ক্ষরণের সম্ভবনা আছে তাদেরও এটি ব্যবহার অনুচিত।

## গর্ভকালীন ও স্তন্যদানকালে ব্যবহার:

জিলোবা® গর্ভাবস্থায় অথবা স্তন্যদানকালে ব্যবহারের ক্ষেত্রে কোন বাধা আছে বলে জানা যায় না।

## সরবরাহ:

জিলোবা® ৬০ মি.গ্রা. ক্যাপসুল : প্রতিটি বাক্সে রয়েছে ৩০টি ক্যাপসুল অ্যান্ড-অ্যান্ড রিস্টার প্যাকে।

# Giloba® 60



# জিনটেক্স® (Gintex®)

## উপাদান:

প্রতিটি ক্যাপসুলে আছে প্যানাক্স জিনসেং এর স্ট্যান্ডার্ডাইজড নির্যাস যা ৫০০ মি.গ্রা. শুকনো মূলের সমতুল্য।

## নির্দেশনা:

জিনটেক্স® (জিনসেং) অবসন্নতা ও স্নায়বিক চাপ কমায়, এটি রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়িয়ে জীবনীশক্তি বাড়ায়। এটি দীর্ঘকালীন জ্বরজনিত দুর্বলতায় নির্দেশিত। এটি যৌনাকাংখা বৃদ্ধি করে, শারীরিক সহিষ্ণুতা বৃদ্ধি করে, সন্তান উৎপাদনে অক্ষমতা প্রতিরোধ করে। এটি ডায়াবেটিস রোগে সহায়ক ঔষধ হিসেবে নির্দেশিত।

- এডাপ্টোজেন (অবসন্নতা, অস্থিরতা ইত্যাদি প্রতিহতকারী) ও সাধারণ শক্তি বর্ধক
- সহিষ্ণুতা ও ক্রীড়া ক্ষমতা বৃদ্ধিকারী
- রোগ প্রতিরোধ ক্ষমতা উন্নয়নকারী

## অন্যান্য বিশেষ ব্যবহার:

- কামোদ্দীপক, লিঙ্গোথানজনিত অপরাগতা ও অক্ষমতায়
- মেনোপজ এর লক্ষণ সমূহে
- ইনসুলিন অনির্ভর ডায়াবেটিস মেলাইটাস-এ ক্রনিক ও তীব্র শ্বাসযান্ত্রিক রোগে শ্বাসপ্রশ্বাস উন্নয়নকারী হিসেবে এবং শ্বাস যন্ত্রের সংক্রমণে এন্টিবায়োটিক এর সহযোগী ঔষধ হিসেবে।

## মাত্রা ও ব্যবহারবিধি:

একটি করে জিনটেক্স® (জিনসেং) ক্যাপসুল দৈনিক এক বা দুইবার অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

## পার্শ্ব প্রতিক্রিয়া:

বহু বছর ব্যবহারে জিনসেং এর কোন পার্শ্ব প্রতিক্রিয়া বা অন্য ঔষধের সাথে মিশ্র প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় না।

## প্রতিনির্দেশনা:

জিনসেং যে কোন ভিটামিন, মিনারেল অথবা হারবাল ঔষধের সাথে গ্রহণ করা যায়। তথাপি, অন্য কোন ঔষধ গ্রহণ কালীন সময়ে জিনসেং গ্রহণের ব্যাপারে চিকিৎসকের পরামর্শ নেয়া ভাল। বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও জার্মান কমিশন ই এর সূত্র মতে জিনসেং এর বিরুদ্ধ ব্যবহার সম্পর্কে কোন তথ্য পাওয়া যায় না।

## গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার:

জার্মান কমিশন ই ও আমেরিকান হারবাল প্রডাক্ট এসোসিয়েশনের সূত্র মতে গর্ভাবস্থায় বা স্তন্যদানকালে জিনটেক্স® (জিনসেং) ব্যবহারে কোন প্রতিবন্ধকতা নেই। তবে, দীর্ঘদিন ব্যবহারের ক্ষেত্রে নিরাপত্তাজনিত বিষয়ে তথ্য অপ্রতুল। চাইনিজ ট্রেডিশনাল মেডিসিনে জিনটেক্স® (জিনসেং) মূল গর্ভাবস্থায়, সন্তান জন্মদান কালে ও জন্ম পরবর্তী কালের নির্দেশনায় কোন প্রকার বিরুদ্ধ নির্দেশনা পাওয়া যায় না।

## সতর্কতা:

জিনসেং গ্রহণে অনেক সময় অতিরিক্ত উত্তেজনা বা ইনসমনিয়া (নির্ধুম) সৃষ্টি হতে পারে। কোন কোন ক্ষেত্রে রক্তচাপ বৃদ্ধি বা অতিরিক্ত যৌন উত্তেজনা পরিলক্ষিত হতে পারে। শিশুদের ক্ষেত্রে অথবা যকুৎ বা কিডনী রোগাক্রান্ত অবস্থায় জিনসেং নিরাপদ কিনা সে বিষয় কিছু বিজ্ঞান ভিত্তিক নির্দেশনা পাওয়া যায় না।

## সরবরাহ:

জিনটেক্স® ক্যাপসুল : প্রতিটি বাক্সে রয়েছে ৩০ টি ক্যাপসুল  
অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।



# Gintex®

# ইসপারগুল® (Ispergul®)

## উপাদান:

ইসপারগুল® স্যাশে : প্রতিটি স্যাশেতে আছে ৩.৫ গ্রাম প্রাক্টাগো ওভাটা (সিলিয়াম) হাঙ্ক।

ইসপারগুল® কন্টেইনার : প্রতিটি কন্টেইনারে আছে ১০০ গ্রাম প্রাক্টাগো ওভাটা (সিলিয়াম) হাঙ্ক।

## নির্দেশনা:

ইসপারগুল® কোষ্ঠকাঠিন্য, অর্শ ও আলসারেটিভ কোলাইটিসে নির্দেশিত। এছাড়া এটি হাইপারলিপিডেমিয়া, ভোজনোত্তর ডায়াবেটিস ও পেটের পীড়ায় উপকারী।

## মাত্রা ও ব্যবহারবিধি:

প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে: ৩.৫ গ্রাম (১টি স্যাশে) দিনে ২ থেকে ৩ বার ১ গ্লাস পানিসহ সেব্য।

৬ - ১২ বছরের শিশুদের ক্ষেত্রে: ২ থেকে ৩.৫ গ্রাম (১/২ - ১টি স্যাশে) দিনে ২ থেকে ৩ বার ১ গ্লাস পানিতে নিয়ে ৩ থেকে ৫ সেকেন্ড নেড়ে খেতে হবে। ইসপারগুল® অন্য ওষুধ গ্রহণের ৩০ থেকে ৬০ মিনিট আগে অথবা পর খেতে হবে।

## পার্শ্ব প্রতিক্রিয়া ও সতর্কতা:

ইসপারগুল সূসহনীয় ও নিরাপদ। সঠিক পদ্ধতিতে গ্রহণ না করলে (অল্প পানি দিয়ে খেলে) এটি ফুলে বিশেষ করে বয়স্ক মানুষের খাদ্যনালী এবং অন্ত্রে বাঁধা সৃষ্টি করতে পারে। প্যানক্রিয়েটিক ইনসিফিসিয়েন্সির ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করা উচিত।

## প্রতিনির্দেশনা:

যাদের পরিপাকনালী অস্বাভাবিকভাবে সংকীর্ণ, অন্ত্রনালীর অবস্ট্রাকশন, গলধারকরণে জটিলতা রয়েছে তাদের ক্ষেত্রে ব্যবহার করা উচিত নয়।

## অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া:

যষ্টিমধু, বিরেচক ও অ্যান্টিডায়াবেটিক ওষুধের সাথে সমসাময়িক ব্যবহার করলে শরীরে পটাশিয়াম এবং গ্লুকোজের ঘাটতি দেখা দিতে পারে। কার্বামেজেপাইন এর সাথে সমসাময়িক ব্যবহারের ক্ষেত্রে কার্বামেজেপাইনের বায়োঅ্যাভেইলেবিলিটি কমে যেতে পারে।

## গর্ভকালীন এবং স্তন্যদানকালীন ব্যবহার:

গর্ভকালীন এবং স্তন্যদানকালীন ব্যবহারের ক্ষেত্রে কোন বিরূপ প্রতিক্রিয়া লক্ষ্য করা যায় না।

## সরবরাহ:

ইসপারগুল®: প্রতিটি বাক্সে আছে ১৫টি ৩.৫ গ্রাম স্যাশে এবং প্রতিটি এইচ ডি পি ই কন্টেইনারে আছে ১০০ গ্রাম পাউডার।



# Ispergul®

# ইনাসিসি® (Inacea®)

## উপাদান:

প্রতিটি ক্যাপসুলে আছে ৪০০ মি.গ্রা. স্ট্যান্ডার্ডাইজড একিনাসিস নির্বাস।

## নির্দেশনা:

- শ্বসনতন্ত্রের সংক্রমণ চিকিৎসা এবং প্রতিরোধ
- মুখ ও মুখগহ্বরের প্রদাহ
- মূত্রতন্ত্রের সংক্রমণ চিকিৎসা
- রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি

## মাত্রা ও ব্যবহারবিধি:

১টি বা ২টি করে ইনাসিসি® ৪০০ মি.গ্রা. ক্যাপসুল দৈনিক ২ থেকে ৩ বার কিংবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

## পার্শ্ব প্রতিক্রিয়া:

এর অভ্যন্তরীণ এবং বাহ্যিক ব্যবহারে তেমন কোন পার্শ্বপ্রতিক্রিয়া পাওয়া যায় না। তবে কারও কারও ক্ষেত্রে অ্যানাফাইলেক্সিস দেখা দিতে পারে।

## সতর্কতা:

যাদের অ্যাসটেরেসি গোত্রের উদ্ভিদে অ্যালার্জি জনিত সমস্যা আছে তাদের ক্ষেত্রে ব্যবহারে সতর্কতা অবলম্বন করা উচিত।

## অন্য ঔষুধের সাথে প্রতিক্রিয়া:

কমিশন ই এর মতে তেমন কোন প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় না।

## গর্ভকালীন এবং স্তন্যদানকালীন ব্যবহার:

কমিশন ই কর্তৃক কোন ধরনের নিষেধাজ্ঞা প্রযোজ্য নয়।

## সরবরাহ:

ইনাসিসি® ৪০০ মি.গ্রা. ক্যাপসুল: প্রতিটি বাক্সে রয়েছে ৩০ টি ক্যাপসুল অ্যালু-পিভিসি ব্লিস্টার প্যাকে।

# Inacea®



# ক্যামোমিল® (Kamomil®)

## উপাদান:

প্রতি মি.লি.-তে আছে ৩৭০.৫০ মি.গ্রা. ক্যামোমাইল (মেটরিকারিয়া রিকুটিটা) এর নির্যাস (স্ট্যাণ্ডার্ডাইজড), পিপারমিন্ট অয়েল ১৮.৫ মি.গ্রা., সেইজ অয়েল ৬ মি.গ্রা., এনিফ অয়েল ৭ মি.গ্রা., পাইন নিডল অয়েল ১ মি.গ্রা., বার্গামট অয়েল ০.৫ মি.গ্রা., ইউক্যালিপটল ৫ মি.গ্রা. এবং মিথাইল স্যালিসাইলেট ১ মি.গ্রা.।

## নির্দেশনা:

- মুখ ও গলার প্রদাহ
- পেরিওডনটাইটিস
- মাড়ির প্রদাহ
- দাঁত উত্তোলন পরবর্তী বেদনায়
- মিউকোসাল ইরিটেশন
- টনসিলের ব্যথা
- ক্যান্সার সোরস
- মুখে দুর্গন্ধ

## মাত্রা এবং ব্যবহার বিধি:

প্রাপ্তবয়স্ক: মুখ ও গলার ভিতরে আক্রান্ত স্থানে দিনে ৩ বার স্প্রে ব্যবহার করতে হবে। প্রতিবার ২ পাফ স্প্রে করতে হবে। ক্যামোমিল® ওরাল স্প্রে খাবার পর ব্যবহার করা উত্তম।

শিশু: ১২ বছরের কম বয়সী শিশুদের ক্ষেত্রে ক্যামোমিল® ওরাল স্প্রে ব্যবহার উচিত নয়।

## প্রতিনির্দেশনা:

অ্যাসটেরাসি গোত্রের সদস্যদের প্রতি অতিসংবেদনশীল রোগীদের ক্যামোমিল ওরাল স্প্রে ব্যবহার করা উচিত নয়।

## পার্শ্ব-প্রতিক্রিয়া:

এনিথলের প্রতি অতি সংবেদনশীল রোগীদের ক্ষেত্রে অসহিষ্ণু প্রতিক্রিয়া দেখা দিতে পারে।

## সতর্কতা:

সরাসরি নাকে স্প্রে করা যাবে না। শিশুদের ক্ষেত্রে ব্যবহার করা উচিত নয়।

## গর্ভাবস্থায় ও স্তন্যদানকালীন সময়ে ব্যবহার:

গর্ভাবস্থায় এবং স্তন্যদানকালে ক্যামোমিল ওরাল স্প্রে অতিমাত্রায় ব্যবহার থেকে বিরত থাকা উচিত।

## অন্য ঔষুধের সাথে প্রতিক্রিয়া:

অ্যাস্পিরিন, ওয়ারফারিন অথবা যে কোন এন্টিকোঅ্যাগুলান্ট এর সাথে ব্যবহার করা উচিত নয়।

## সরবরাহ:

ক্যামোমিল® স্প্রে: প্রতি বাক্সে আছে একটি করে

ক্যামোমিল® ওরাল স্প্রে কাচের বোতলে।



# Kamomil®

# জর্ট® (Jort®)

## উপাদান:

প্রতি ক্যাপসুলে আছে ৩০০ মি.গ্রা. সেন্ট জন'স ওর্ট এর স্ট্যান্ডার্ডাইজড নির্যাস।

## নির্দেশনা:

- ডিপ্ৰেশন বা বিষাদ
- অনিদ্রা
- সিজনাল অ্যাফেক্টিভ ডিজঅর্ডার
- অবসেসিভ কম্পাল্‌সিভ ডিজঅর্ডার

## মাত্রা ও ব্যবহারবিধি:

১ টি করে জর্ট® (সেইন্ট জন'স ওর্ট ৩০০ মি.গ্রা.) ক্যাপসুল দিনে ৩ বার সেব্য।

## সতর্কতা:

ব্যবহারের পূর্বে চিকিৎসকের পরামর্শ নেয়া উচিত।

## পার্শ্বপ্রতিক্রিয়া:

কিছু কিছু ক্ষেত্রে এলাজর্জিক স্কিন রিঅ্যাক্‌শন, পেটের সমস্যা, ফটোসেন্সিটাইজেশন হতে পারে।

## অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া:

অন্যান্য এন্টিডিপ্রেস্যান্টের সাথে ব্যবহার করা উচিত নয়।

## গর্ভকালীন ও স্তন্যদানকালীন সময়ে ব্যবহার:

চিকিৎসকের পরামর্শ ছাড়া এটি গর্ভকালীন ও স্তন্যদানকালীন সময়ে ব্যবহার করা সমীচিন নয়।

## সরবরাহ:

জর্ট® ক্যাপসুল: প্রতি বাক্সে আছে ৩০টি করে জর্ট® ক্যাপসুল অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।

# Jort®



# লিকর™ (Lecor™)

## উপাদান:

প্রতি ৫ মি.লি লিকর™ সিরাপে আছে উডফর্ডিয়া ফ্লুটিকোসা ৭১.৫৭ মি. গ্রা., হেমিডেসমাস ইন্ডিকাস ৪.৪৭ মি. গ্রা., একাসিয়া ক্যাটেচু ৪.৪৭ মি. গ্রা., ম্যাঙ্গিফেরা ইন্ডিকা ৪.৪৭ মি. গ্রা., ক্যাসালপিনিয়া স্যাপন ৪.৪৭ মি. গ্রা., এডহোটোডা ভেসিকা ৪.৪৭ মি. গ্রা., এবং এজল মারমেলস ৪.৪৭ মি. গ্রা. সহ অন্যান্য ভেবজ উপাদানের নির্যাস।

## নির্দেশনা:

লিকর™ সিরাপ নন-স্পেসিফিক লিউকোরিয়া, সারভিসাইটিস ও পেলভিক ইনফ্ল্যামেটোরী ডিজিস এ নির্দেশিত। এছাড়াও লিকর™ সিরাপ লিউকোরিয়া সংক্রান্ত কোমর ব্যথা, এন্ড্রোমেট্রোসিস ও মহিলা যৌনাঙ্গের সমস্যায় ব্যবহৃত হয়।

## মাত্রা ও ব্যবহারবিধি:

প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে: ৩ চা চামচ (১৫ মি.লি.) দিনে ৩ বার খাওয়ার পর ১৫ দিন ধরে অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

## পার্শ্ব প্রতিক্রিয়া:

নির্দেশিত মাত্রায় সেবনে কোন স্বাস্থ্য সমস্যা বা পার্শ্ব প্রতিক্রিয়া তথ্য জানা যায়নি। কিন্তু উচ্চ মাত্রায় সেবনে কদাচিৎ জ্বালাপোড়া, ডায়রিয়া বা মূত্র নিঃসরণ বেড়ে যেতে পারে।

## অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া:

জানা যায়নি।

## প্রতি নির্দেশনা:

জানা যায়নি।

## গর্ভকালীন ও স্তন্যদানকালীন সময়ে ব্যবহার:

গর্ভকালীন ও স্তন্যদানকালীন সময়ে এর ব্যবহার কোন সমস্যা সৃষ্টি করে বলে জানা যায়নি তথাপি গর্ভাবস্থায় ব্যবহার না করা উচিত বা ব্যবহারের পূর্বে চিকিৎসকের পরামর্শ নেয়া উচিত।

## সরবরাহ:

প্রতিটি পি ই টি বোতলে আছে ২০০ মি.লি. সুস্বাদু ও সুগন্ধযুক্ত লিকর™ সিরাপ।

# LECOR™



# লিভোলাইট® (Livolite®)

## উপাদান:

প্রতিটি ক্যাপসুলে আছে ২০০ মি.গ্রা. এন্ড্রোগ্রাফিস (এন্ড্রোগ্রাফিস প্যানিকিউলাটা) স্ট্যান্ডার্ডাইজড নির্যাস।

## নির্দেশনা:

ভাইরাল জ্বর, সর্দিজ্বর, ঠাণ্ডাকাশি, সাইনোসাইটিস, উর্দুশ্বাসনালীর প্রদাহ, ভাইরাস জনিত যকৃত প্রদাহ।

## মাত্রা ও ব্যবহারবিধি:

প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে (১৮ বছর বা তদূর্ধ্ব): ১টি করে ক্যাপসুল দৈনিক ৩ বার ৫ থেকে ১০ দিন অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

১২ থেকে ১৭ বছর বয়সী শিশুদের ক্ষেত্রে: ১টি করে ক্যাপসুল দৈনিক ২ বার ৫ থেকে ১০ দিন অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

৪ থেকে ১১ বছর বয়সী শিশুদের ক্ষেত্রে: ১টি করে ক্যাপসুল দৈনিক ১ বার ৫ থেকে ১০ দিন অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

## পার্শ্ব প্রতিক্রিয়া:

মাত্রাতিরিক্ত ব্যবহার পেটের সমস্যা সৃষ্টি করতে পারে, এমনকি বমি এবং ক্ষুধামন্দাও দেখা দিতে পারে। এন্ড্রোগ্রাফোলাইডের তিক্ত স্বাদকে এ ধরনের উপসর্গের মূল কারণ বলা যেতে পারে।

## প্রতিনির্দেশনা:

যাদের অ্যাকাইসিস গোটের উদ্ভিদের প্রতি এলার্জি রয়েছে তাদের এটি ব্যবহার করা উচিত নয়।

## সতর্কতা:

আইসোনিয়াজিডের সাথে ব্যবহারে সতর্কতা অবলম্বন করা উচিত।

## গর্ভকালীন এবং স্তন্যদানকালীন ব্যবহার:

এন্ড্রোগ্রাফিস গর্ভবস্থায় এবং স্তন্যদানকালে ব্যবহার থেকে বিরত থাকা উচিত।

## সরবরাহ:

লিভোলাইট® ২০০ মি.গ্রা. ক্যাপসুল : প্রতি বাক্সে রয়েছে ৩০ টি ক্যাপসুল ব্লিস্টার প্যাকে।



# Livolite®

# মনেরা® (Monera®)

## উপাদান:

প্রতি ৫ মি.লি. মনেরা সিরাপে আছে ব্যাকোপা মনিরি ১.২১ গ্রাম, এস্‌পারাগাস রেসিমোসাস ০.৩০ গ্রাম, আইপোমইয়া পেনিকিউলাটা ০.৩০ গ্রাম, টার্মিনালিয়া চেবুলা ০.৩০ গ্রাম, ভেটিভেরিয়া জিজানিয়ইডস ০.৩০ গ্রাম, জিনজিবার অফিসিনালি ০.৩০ গ্রাম, ফনিকিউলঅম ভুলগারি ০.৩০ গ্রাম সহ অন্যান্য ভেজষ উপাদানের নির্যাস।

## নির্দেশনা:

অনুধাবন ক্ষমতা বা স্মৃতিশক্তি হ্রাস, এটেনশান ডিফিসিট ডিজঅর্ডার (মনযোগ ঘাটতি), ডিমেনশিয়া (ভুলে যাওয়া), কনভালশন বা খিঁচুনি, মৃগী, অ্যালার্জেইমারস ডিজিজ, অটসটিক স্পেকট্রাম ডিজঅর্ডার ও মাদকাসক্ততায় নির্দেশিত।

## মাত্রা ও ব্যবহারবিধি:

২-৫ বছর বয়সী শিশুদের ক্ষেত্রে: ১ চা চামচ (৫ মি.লি.) দিনে ২-৩ বার খাওয়ার পর ৩ মাস ধরে কিংবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

৬-১২ বছর বয়সী শিশুদের ক্ষেত্রে: ১-২ চা চামচ (৫-১০ মি.লি.) দিনে ২-৩ বার খাওয়ার পর ৩ মাস ধরে কিংবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

১২ বছরের উপরে এবং প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে: ২-৩ চা চামচ (১০-১৫ মি.লি.) দিনে ৩ বার খাওয়ার পর ৩ মাস ধরে কিংবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

## পার্শ্ব প্রতিক্রিয়া:

এটি নিরাপদ ও সুসহনীয়। নির্দেশিত মাত্রায় সেবন করলে কোন পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় না।

## অন্য ঔষুধের সাথে প্রতিক্রিয়া:

ব্যাকোপা থাইরয়েড স্টিমুলেটিং ঔষুধের কার্যকারিতাকে বাড়িয়ে দিতে কিংবা এন্টি-থাইরয়েড ঔষুধের কার্যকারিতাকে কমিয়ে দিতে পারে। এটি মরফিন ও অন্যান্য নিন্দ্রানায়নকারী ঔষুধ এর বিবাক্ততাকে কমিয়ে দিতে পারে। এটি ফিনাইটইন বা খিঁচুনি বিরোধী ঔষুধের কারণে সৃষ্ট কগনিটিভ ফাংশন হ্রাস পাওয়াকে প্রতিহত করে।

## গর্ভকালীন ও স্তন্যদানকালীন সময়ে ব্যবহার:

গর্ভকালীন ও স্তন্যদানকালীন সময়ে এর ব্যবহার কোন সমস্যা সৃষ্টি করে বলে জানা যায়নি তথাপি ব্যবহারের পূর্বে চিকিৎসকের পরামর্শ নেয়া উচিত।

## সতর্কতা:

ব্যাকোপা নিরাপদ ও সুসহনীয় কিন্তু হাইপারথাইরয়ডিজম, জ্বর ও একিউট ইনফেকশন এর ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করা উচিত।

## সরবরাহ:

প্রতিটি পিইটি বোতলে আছে ১০০ মি.লি. সুস্বাদু ও সুগন্ধযুক্ত সিরাপ।

Monera®



# ন্যাভিট® (Navit®)

## উপাদান:

প্রতি ক্যাপসুলে আছে ৫০০ মি.গ্রা. স্পিরুলিনা ড্রাই পাউডার।

## নির্দেশনা:

- পুষ্টিহীনতা
- এলার্জিক রিঅ্যাকশন
- এন্টিবায়োটিক ব্যবহারজনিত দুর্বলতা
- চুল পড়া
- চর্মরোগ
- রক্তশূন্যতা
- অতিরিক্ত কোলেস্টেরল
- মুখের ক্যান্সার

## মাত্রা ও ব্যবহারবিধি:

দৈনিক ৪ - ৬ টি ক্যাপসুল (৫০০ মি.গ্রা.) অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

## সতর্কতা:

প্রযোজ্য নয়।

## পার্শ্ব প্রতিক্রিয়া:

স্পিরুলিনার প্রতি সংবেদনশীল ব্যক্তির পার্শ্ব প্রতিক্রিয়া দেখা যেতে পারে।

## অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া:

অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া সম্পর্কে এখনও তেমন কোন তথ্য জানা যায়নি।

## গর্ভকালীন ও স্তন্যদানকালীন সময়ে ব্যবহার:

গর্ভকালীন ও স্তন্যদানকালীন সময়ে ব্যবহারে উপকারিতা পাওয়া যায়।

## সরবরাহ:

ন্যাভিট® ক্যাপসুল: প্রতি কৌটায় রয়েছে ৩০ টি করে ন্যাভিট® ক্যাপসুল।



# NAVIT®

# পেপনর® (Pepnor®)

## উপাদান:

প্রতি ৫ মি.লি. পেপনর® সিরাপে আছে কিউমিনাম সাইমিনাম ২.৬৪ গ্রাম, সিনামোমাম জিলানিকাম ১৩.২৪ মি.গ্রা., ইলেটারিয়া কর্ডামোমাম ১৩.২৪ মি.গ্রা., সিনামোমাম টামালা ১৩.২৪ মি.গ্রা., মেসুয়া ফেরা ১৩.২৪ মি.গ্রা., জিনজিবার অফিসিনালি ২৬.৪৮ মি.গ্রা., মিরিস্টিকা ফ্লাগ্রেস ১৩.২৪ মি.গ্রা., সাইপেরাস রোটুন্ডাস ১৩.২৪ মি.গ্রা., ট্রাক্সিপারমাম এয়ামি ১৩.২৪ মি.গ্রা., সাইজেজিয়াম এ্যারোমেটিকাম ১৩.২৪ মি.গ্রা. সহ অন্যান্য ভেষজ উপাদানের নির্যাস।

## নির্দেশনা:

ডিস্বেপসিয়া বা বদহজম, পেটব্যথা, পেটফাঁপা, বমিবমি ভাব ও অরুচিতে নির্দেশিত। এছাড়া প্রসব পরবর্তী হজম জনিত সমস্যায় বিশেষভাবে ফলপ্রদ ও স্তন্যদানকারী মায়েদের জন্য পুষ্টিকারক ও দুগ্ধবর্ধক।

## মাত্রা ও ব্যবহার বিধি:

১২ বছরের কম বয়সী শিশুদের ক্ষেত্রে: ১-২ চা চামচ (৫-১০ মি.লি.) দিনে ২-৩ বার।  
প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে: ২-৩ চা চামচ (১০-১৫ মি.লি.) দিনে ৩ বার সেব্য।

## পার্শ্ব প্রতিক্রিয়া:

এটি একটি আয়ুর্বেদিক ওষুধ যা নিরাপদ ও সুসহনীয়। নির্দেশিত মাত্রায় সেবন করলে কোন পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় না।

## প্রতিনির্দেশনা:

এখনো পর্যন্ত কোন বিরূপ প্রতিক্রিয়া দেখা যায়নি। কিন্তু এর কোন উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা দেখা দিলে ব্যবহার করা যাবে না।

## গর্ভকালীন ও স্তন্যদানকালীন ব্যবহার:

গর্ভকালীন ও স্তন্যদানকালীন সময়ে এর ব্যবহার কোন সমস্যা সৃষ্টি করে বলে জানা যায়নি।

## অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া:

রক্ত জমাট বাঁধতে বাঁধাদানকারী ওষুধের সাথে এটি ব্যবহার করা উচিত নয়।

## সরবরাহ:

প্রতিটি পিইটি অ্যান্ডার বোতলে আছে ১০০ মি.লি. সুস্বাদু ও সুগন্ধযুক্ত পেপনর® সিরাপ।



# Pepnor®

# প্রোবায়ো® (Probio®)

## উপাদান:

প্রতিটি ক্যাপসুলে আছে *ল্যাকটোব্যাসিলাস্ এসিডোফিলাস্* (২ বিলিয়ন), *বিফিডোব্যাক্টেরিয়াম্ বিফিডাম্* (১ বিলিয়ন), *ল্যাকটোব্যাসিলাস্ বুলগারিকাস্* (১ বিলিয়ন) এবং *ফ্লস্ট্রো-ওলিগোস্যাকারাইডস্* (১০০ মি.গ্রা.)।

## নির্দেশনা:

- ডায়রিয়া প্রতিরোধ এবং প্রতিকারে
- ল্যাক্টোজ ইনটলার্যান্স উপশমে
- রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতে

## মাত্রা ও ব্যবহারবিধি:

১-২ টি ক্যাপসুল দৈনিক ১-২ বার অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

## পার্শ্ব প্রতিক্রিয়া:

এর কোন পার্শ্ব প্রতিক্রিয়া জানা যায়নি।

## প্রতিনির্দেশনা:

প্রযোজ্য নয়।

## গর্ভকালীন এবং স্তন্যদানকালীন ব্যবহার:

গর্ভকালীন এবং স্তন্যদানকালীন সময়ে এর ব্যবহার কোন সমস্যা সৃষ্টি করে বলে জানা যায়নি।

## সরবরাহ:

প্রোবায়ো® ক্যাপসুল: প্রতি বাক্সে রয়েছে ৩০টি করে ক্যাপসুল।



# Probio®

# রেভাটল™ (Revatol™)

## উপাদান:

প্রতি ৫ মি.লি. রেভাটল™ সিরাপে আছে ভাইটিস ডিনিফেরা ০.৭২ গ্রাম, সিনামোমাম জিলানিকাম ১৩.৮৭ মি. গ্রা., ইলোটোরিয়া কার্ডামোমাম ১৩.৮৭ মি. গ্রা., মেসুয়া ফেরা ১৩.৮৭ মি. গ্রা., অ্যাগল্যায়া রঞ্জবার্জিয়ানা ১৩.৮৭ মি. গ্রা., সসারিয়া লাপ্লা ১৩.৮৭ মি. গ্রা., পাইপার লংগাম ১৩.৮৭ মি. গ্রা., এবং পাইপার নিগ্রাম ১৩.৮৭ মি. গ্রা. সহ অন্যান্য ভেষজ উপাদানের নির্যাস।

## নির্দেশনা:

- ত্রনিক অবস্ট্রাকটিভ পালমোনারী ডিজিজ (সিওপিডি)
- অ্যাজমা বা শ্বাসকষ্ট
- পালমোনারী ফাইব্রোসিস
- পালমোনারী টিউবারকিউলোসিস

## মাত্রা ও ব্যবহারবিধি:

দ্রাক্ষা বিদ্যমান রেসভেরট্রলই মূলত থেরাপিউটিক্যালি কার্যকরী উপাদান। প্রতি কেজি দৈহিক ওজন হিসেবে রেসভেরট্রল এর দৈনিক নির্দেশিত মাত্রা ৮ মি. গ্রা.। জলীয় নির্যাস হিসেবে প্রতি ৫ মি.লি. রেভাটল™ সিরাপে রেসভেরট্রল আছে প্রায় ৩৬ মি. গ্রা.। সুতরাং রেভাটল™ এর দৈনিক নির্দেশিত মাত্রা নিম্নরূপ -

১২ বছরের কম বয়সী শিশুদের ক্ষেত্রে: ১ - ২ চা চামচ (৫ - ১০ মি.লি.) দিনে ২ বার খাওয়ার পর ৪ - ৮ সপ্তাহ ধরে কিংবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

১২ বছরের উপরে এবং প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে : ৩ - ৪ চা চামচ (১৫ - ২০ মি.লি.) দিনে ২ বার খাওয়ার পর ৪ - ৮ সপ্তাহ ধরে কিংবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

## পার্শ্ব প্রতিক্রিয়া:

এটি নিরাপদ ও সুসহনীয়। নির্দেশিত মাত্রায় সেবন করলে কোন পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় না। তবে কারও কারও ক্ষেত্রে পেট ব্যথা, মাথা ব্যথা ও অ্যালার্জিক প্রতিক্রিয়া দেখা দিতে পারে।

## অন্য ঔষুধের সাথে প্রতিক্রিয়া:

দ্রাক্ষা রক্তপাতের ঝুঁকি বাড়িয়ে দিতে পারে। তাই রক্ত জমাট বাঁধতে বাধাদানকারী ঔষুধ যেমন ওয়ারফেরিন, এসপেরিন, নন-স্টেরয়েডাল এন্টি-ইনফ্লামেটরি ড্রাগস্ ও এসিই ইনহিবিটরস গ্রহণের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করা উচিত। থ্রোঅ্যানথোসায়ানিডাইনস্ এসিই ইনহিবিটরস এর কার্যকারিতাকে পরিবর্তন করে দিতে পারে।

## গর্ভকালীন ও স্তন্যদানকালীন সময়ে ব্যবহার:

চিকিৎসা গবেষণা তথ্যানুযায়ী গর্ভকালীন ও স্তন্যদানকালীন সময়ে এর ব্যবহার কোন সমস্যা সৃষ্টি করে বলে জানা যায়নি তথাপি ব্যবহারের পূর্বে চিকিৎসকের পরামর্শ নেয়া উচিত।

## সরবরাহ:

প্রতিটি পি ই টি বোতলে আছে ১০০ মি.লি. সুস্বাদু ও সুগন্ধযুক্ত রেভাটল™ সিরাপ।



# Revatol™

# সিলিবিন® (Silybin®)

## উপাদান:

সিলিবিন® ৭০ মি.গ্রা. ক্যাপসুল: প্রতিটি ক্যাপসুলে আছে সিলিমারিন ৭০ মি.গ্রা. যা মিল্কথিস্‌ল ফলের নির্যাস হতে প্রস্তুত।

সিলিবিন® ১৪০ মি.গ্রা. ক্যাপসুল: প্রতিটি ক্যাপসুলে আছে সিলিমারিন ১৪০ মি.গ্রা. যা মিল্ক থিস্‌ল ফলের নির্যাস হতে প্রস্তুত।

## নির্দেশনা:

- জন্ডিস
- এলকোহলজনিত যকৃৎের রোগ
- দীর্ঘস্থায়ী যকৃৎ প্রদাহ
- লিভার সিরোসিস

## মাত্রা ও ব্যবহার বিধি:

একটি করে সিলিমারিন ক্যাপসুল দৈনিক ২-৩ বার অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

## গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার:

গর্ভবতী মায়েদের ক্ষেত্রে সিলিমারিন ১৪০ মি.গ্রা. বা ৭০ মি.গ্রা. ব্যবহারের তেমন কোন তথ্য নেই, তবে প্রয়োজনে চিকিৎসকের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ব্যবহার করা যেতে পারে।

## পার্শ্বপ্রতিক্রিয়া:

প্রাণ্ড বয়স্কদের ক্ষেত্রে সিলিমারিন সূসহনীয়। এর তেমন কোন পার্শ্বপ্রতিক্রিয়া নেই। কদাচিৎ মৃদু বিরচন দেখা দিতে পারে।

## অন্য ঔষুধের সাথে প্রতিক্রিয়া:

অন্য ঔষুধের সাথে প্রতিক্রিয়া সম্পর্কে এখনও তেমন কোন তথ্য জানা যায়নি।

## সরবরাহ:

সিলিবিন® ৭০ মি.গ্রা. ক্যাপসুল: প্রতি বাক্সে আছে ৩০টি ক্যাপসুল ব্লিস্টার প্যাকে।

সিলিবিন® ১৪০ মি.গ্রা. ক্যাপসুল: প্রতি বাক্সে আছে ৩০টি ক্যাপসুল ব্লিস্টার প্যাকে।

# Silybin®



# টোরেল™ (Torel™)

## উপাদান:

টোরেল™ মাস্‌ল রাব: প্রতি গ্রাম মাস্‌ল রাবে আছে এল - মেন্থল ২৫.৪০ মি.গ্রা., ডি - ক্যামফর ১৪.৩০ মি.গ্রা., মিথাইল স্যালিসাইলেট ৪.২০ মি.গ্রা ও অলিওরেনসিন কাপসিকাম ০.০৫ মি.গ্রা.।

## নির্দেশনা:

মাংস পেশীর ব্যথা, মাথা ব্যথা, ফারোসাইটিস, স্বেপন, স্ট্রেন, নিউরালজিয়া, অস্টিও আর্থ্রাইটিস, খেলাধুলা ও হারপিস যসটার জনিত ব্যথায় নির্দেশিত।

## মাত্রা ও ব্যবহার বিধি:

প্রাণ্ড বয়স্কদের ক্ষেত্রে: আক্রান্ত স্থান পরিষ্কার করে নিতে হবে। হাতের আঙ্গুলের অগ্রভাগে অল্প পরিমাণ ক্রীম নিয়ে দৈনিক ৩ - ৪ বার ব্যথায়ুক্ত স্থানে প্রয়োগ করতে হবে।  
৬ বছরের কম বয়সী শিশুদের ক্ষেত্রে: প্রযোজ্য নয়।

## পার্শ্বপ্রতিক্রিয়া:

কিছু কিছু ক্ষেত্রে অতিসংবেদনশীলতা লক্ষ্য করা যায়। নিশ্বাসের মাধ্যমে গ্রহণ করলে শ্বাস নালীর সংকোচন দেখা দিতে পারে।

## প্রতিনির্দেশনা:

এসপিরিনের প্রতি এলার্জি, এলাজি জনিত ত্বক প্রদাহ, একজিমা ও চোখের কাছাকাছি ব্যবহার করা যাবে না।

## গর্ভকালীন ও স্তন্যদানকালীন সময়ে ব্যবহার:

গর্ভকালীন ও স্তন্যদানকালীন সময়ে ব্যবহারের ক্ষেত্রে কোন নিষেধাজ্ঞার তথ্য জানা নেই।

## অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া:

জানা যায়নি।

## সতর্কতা:

আহত ত্বক ও কোষ ঝিল্লিতে ব্যবহার করা যাবে না। ব্যবহার করার পর সাথে সাথে হাত ধুয়ে নিতে হবে। শক্ত ব্যান্ডেজের নিচে ব্যবহার করা উচিত নয়। ব্যবহারের পর চুলকানি বা জ্বালাপোড়া দেখা দিলে ব্যবহার বন্ধ করে দিতে হবে।

## সরবরাহ:

টোরেল™ মাস্‌ল রাব:

প্রতিটি টিউবে আছে ২০ গ্রাম মাস্‌ল রাব।

# TOREL™

